

আন-নাহাল | An-Nahl | النَّحل

আয়াতঃ ১৬ : ৫৫

আরবি মূল আয়াত:

لِيَكُفُرُوا بِمَا أَتَيْنَهُمْ ؟ فَتَمَتَّعُوا فَسَوْفَ تَعْلَمُونَ ﴿٥٥﴾

Aর্থ অনুবাদসমূহ:

যাতে আমি তাদেরকে যা দিয়েছি তা তারা অস্বীকার করতে পারে। অতএব তোমরা ভোগ কর, অচিরেই তোমরা জানতে পারবে। — আল-বায়ান

আমি তাদেরকে যা দিয়েছি তাদের না-শোকরি করা জন্য। অতএব তোমরা ভোগ করে নাও, শীঘ্রই তোমরা জানতে পারবে। — তাইসিরুল

আমি তাদেরকে যা দান করেছি তা অস্বীকার করার জন্য, সুতরাং তোমরা ভোগ করে নাও, অচিরেই জানতে পারবে। — মুজিবুর রহমান

So they will deny what We have given them. Then enjoy yourselves, for you are going to know. — Sahih International

৫৫. আমরা তাদেরকে যা দিয়েছি তা অস্বীকার করার জন্য। কাজেই তোমরা ভোগ করে নাও, অচিরেই তোমরা জানতে পারবে।

-

তাফসীরে জাকারিয়া

(৫৫) যাতে আমি তাদেরকে যা দান করেছি তা অস্বীকার করে;[1] সুতরাং তোমরা ভোগ করে নাও, অচিরেই জানতে পারবে। [2]

[1] কিন্তু মানুষ এতই অকৃতজ্ঞ যে, দুঃখ-কষ্ট (অসুখ, দরিদ্রতা, ক্ষতি ইত্যাদি) দূর হলেই আবার আল্লাহর সাথে শিরক করতে শুরু করে।

[2] এটি অনুরূপ যেমন পূর্বে বলেছেন, {قُلْ تَمَتَّعُوا فَإِنَّ مَصِيرَكُمْ إِلَى النَّارِ}, তুমি বল, ভোগ করে নাও, পরিণামে জাহানামই তোমাদের ঠিকানা। (সূরা ইবরাহীম ৩০)

তাফসীরে আহসানুল বায়ান

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন